*ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা ॥ সংখ্যা ১০৪ ও ১০৫ (যুক্ত), সেপ্টেম্বর ২০২৪*
*ISSN: 2411-9059, e-ISSN: 3006-3078 DOI : http://dx.doi.org/10.62296/DVP/10405/008*

# চলমান স্পটলাইট তত্ত্ব: সাইডার-ডিজি বিতর্ক

কাজী এ এস এম নুরুল হুদা*

**Abstract:** The discussion of time has held an important place in philosophy since ancient times. While characterizing time within this continuum, differences of opinion among philosophers on various issues have emerged, giving rise to various theories. One such theory is the moving spotlight theory, which conceptualizes the present as an instant of time akin to an object illuminated by a moving spotlight. Daniel Deasy highlights several misunderstandings surrounding the discussion of the moving spotlight theory. According to Deasy, one of the philosophers who misunderstood the moving spotlight theory is Theodore Sider. The main aim of this article is to present the debate between Sider and Deasy and to express my position in favor of Deasy. To achieve this goal, the present article discusses Deasy's response to Sider's position after explaining the moving spotlight theory from Sider's perspective. Finally, the debate is critically assessed to demonstrate why Deasy's position is more acceptable.

**মুখ্যশব্দ:** এ-তত্ত্ব; চলমান স্পটলাইট তত্ত্ব; পরিবর্তন; বর্তমান; বি-তত্ত্ব; সময়

* সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভূমিকা

সময়কে কেন্দ্র করে তত্ত্বায়ন পাশ্চাত্য দর্শনের ইতিহাসে নতুন কোনো বিষয় নয়। উদাহরণস্বরূপ সক্রেটিসপূর্ব দার্শনিক পার্মেনিদিসের সময় এবং পরিবর্তন নিয়ে আলোচনার কথা উল্লেখ করা যেতে পারে। পার্মেনিদিসের মতে, সত্তা অনাদি (timeless), কারণ এটি আগে যা ছিল আজও তাই আছে। সময়কে নিয়ে তাঁর এ তত্ত্বায়ন পাশ্চাত্য দর্শনের প্রাচীনতম নিদর্শন বলে অনেকে মনে করেন (Dyke & Bardon, 2013, p. 2)। সমসাময়িক অধিবিদ্যার আলোচনায়ও সময়কে নিয়ে তত্ত্ব-প্রতিতত্ত্ব দেয়ার এক সতেজ ধারা আমরা বিদ্যায়তনিক দর্শনচর্চায় দেখতে পাই।

জি এম ই ম্যাকট্যাগার্ট এ-তত্ত্ব (A-theory) এবং বি-তত্ত্ব (B-theory) নামক দুটি কালিক ধারার মধ্যে পার্থক্য করেন। যখন দুটি ঘটনার মধ্যে কোনোটি কালিক অবস্থানে আগে বা পরে এর ভিত্তিতে এদের তুলনা করি, তখন আমরা বি-তত্ত্বের উল্লেখ করি (Koons & Pickavance, 2015, p. 183)। বি-তত্ত্ব অনুযায়ী, সময়ের কোনো মুহূর্তই পরমভাবে এবং অ-আপেক্ষিকভাবে বর্তমান নয় (Deasy, 2015, p. 2073)। "ভাষা আন্দোলন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পূর্বেকার ঘটনা" একটি বি-তাত্ত্বিক বচনের উদাহরণ। নিনা এমারি, নেড মার্কোসিয়ান, এবং মেগান সুলিবানের মতে, সাধারণত বি-তত্ত্ব দেশ-কালকে একটি আস্তীর্ণ বহুধা (spread-out manifold) হিসাবে চিত্রিত করে। এ বহুধার বিভিন্ন স্থানে নানারকম ঘটনা ঘটে। পরিবর্তনশীল বিশ্বে বাস করার অর্থ বহুধায় বৈচিত্র্যপূর্ণ হয়ে এ বিশ্বে বাস করা। আমরা যখন বলি শরৎকালে কোনো একটি নির্দিষ্ট পাতার রং পরিবর্তন হয়েছে, তখন আমরা আসলে এটি বুঝিয়ে থাকি যে, পাতাটি বহুধার পূর্ববর্তী স্থানে সবুজ এবং পরবর্তী স্থানে লাল। অর্থাৎ কোনো ঘটনার অবস্থান প্রকৃতপক্ষে বহুধার একটি নির্দিষ্ট সময়কে বুঝিয়ে থাকে। তাই, বি-তাত্ত্বিকদের মতে, সময় সংক্রান্ত অধিবিদ্যকভাবে গুরুত্বপূর্ণ যেকোনো ঘটনাকে অকালিক বচন (tenseless proposition) দ্বারা প্রকাশ করা যায়। যেমন "অক্টোবর ৭, ২০২৩ তারিখে পাতাটির রং লাল" এবং "অক্টোবর ৭, ২০২৩ তারিখে পাতাটির রং লাল নয়" (Emery et al., 2020)।

অন্যদিকে, অতীত বা ভবিষ্যতে কতোটা দূরে কোনো ঘটনা অবস্থান করে তার ভিত্তিতে যদি আমরা দুটি ঘটনা তুলনা করি, তাহলে তাদের আমরা এ-তত্ত্বকে অনুসরণ করে তুলনা করছি (Koons & Pickavance, 2015, p.183)। এ-তত্ত্ব অনুযায়ী, সময়ের কিছু মুহূর্ত পরমভাবে এবং অ-আপেক্ষিকভাবে বর্তমান (Deasy, 2015, p. 2073)।

“বাংলাদেশ ৫২ বছর আগে স্বাধীন হয়েছে” একটি এ-তাত্ত্বিক বচনের উদাহরণ। এমারি, মার্কোসিয়ান এবং সুলিবানের মতে, এ-তাত্ত্বিকরা কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তনকে অতীত, বর্তমান বা ভবিষ্যতে অবস্থান করছে এমন ঘটনা হিসাবে তুলে ধরার প্রয়োজনীয়তার কথা বলেন। এ বর্ণনার জন্য তারা কালিক বচনের কথা বলেন (Emery et al., 2020)। তাই, এ-তাত্ত্বিকদের মতে, অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ নামক মৌলিক বৈশিষ্ট্য রয়েছে (Koons & Pickavance 2015, p. 185)। এ বৈশিষ্ট্যসমূহের মধ্যে যেকোনো একটি অধিবিদ্যকভাবে মৌলিক হলেই এ-তাত্ত্বিকদের চলবে। এখন যদি বর্তমানতাকে (presentness) মৌলিক বৈশিষ্ট্য হিসাবে ধরা হয়, সেক্ষেত্রে অতীত হওয়ার বৈশিষ্ট্যকে বর্তমানের চেয়ে পূর্বের বৈশিষ্ট্য হিসাবে সংজ্ঞায়িত করা যেতে পারে।

নানা ধরনের এ-তত্ত্ব আছে। এদের মধ্যে অন্যতম হলো– চলমান স্পটলাইট তত্ত্ব (moving spotlight theory)।[১] এ তত্ত্ব অনুযায়ী, বর্তমানকে আমরা এমন একটি সময়ের মুহূর্ত হিসাবে ভাবতে পারি যার তুলনা করা যেতে পারে চলমান স্পটলাইট দ্বারা আলোকিত বস্তুর সাথে। সময় অতিক্রান্ত হওয়ার সাথে সাথে বর্তমানতার স্পটলাইটও পরবর্তী মুহূর্তে অগ্রসর হয় (Koons & Pickavance, 2015, p.183)। চলমান স্পটলাইট তত্ত্বের এরকম নামের প্রেরণা এ তত্ত্বের অন্যতম দিকপাল সি ডি ব্রডের বর্ণনায় পাওয়া যায়। তিনি বলেন,

> আমরা প্রকৃতিগতভাবেই পৃথিবীর ইতিহাসকে ঘটনার একটি নির্দিষ্ট ক্রমানুসারে চিরকাল বিদ্যমান হিসাবে বিবেচনা করতে প্রলুব্ধ হই। একই সাথে, এবং একটি নির্দিষ্ট দিকে, আমরা বর্তমানতার বৈশিষ্ট্যটিকে চলমান হিসাবে কল্পনা করি, অনেকটা রাস্তায় বাড়ির সামনের দিকে পড়া আলোকিত স্থানের মতো যা একজন পুলিশের লক্ষ্যের কেন্দ্রবিন্দু (bull’s eye) গঠন করে। যা আলোকিত তা বর্তমান, যা আলোকিত হয়েছে তা অতীত, এবং যা এখনও আলোকিত হয়নি তা হলো ভবিষ্যত (Broad, 1923, pp. 59-60)।

ড্যানিয়েল ডিজি চলমান স্পটলাইট তত্ত্বকে “নিত্যবাদ[২] (permanentism) এবং এ-২ তত্ত্বের সংযোগ” (Deasy, 2015, p. 2073) হিসাবে সংজ্ঞায়িত করেন। এ তত্ত্বের মূল উপাদানসমূহ উপস্থাপন করার প্রয়াসে তিনি এটির পক্ষে-বিপক্ষে উত্থাপিত বেশ কিছু ভুল বোঝাবুঝি তুলে ধরেন। ডিজির মতে চলমান স্পটলাইট তত্ত্বটি ভুল বুঝেছেন এমন দার্শনিকদের মধ্যে অন্যতম হলেন থিওডোর সাইডার। তিনি মনে করেন সাইডার তত্ত্বটিকে

বেশ কয়েকটি কারণে ভুল বুঝেছেন। কিন্তু এ প্রবন্ধে, আমি এ সবগুলো কারণ নিয়ে আলোচনা করবো না। এ প্রবন্ধের মূল লক্ষ্য হলো সাইডার এবং ডিজির মধ্যকার বিতর্ক উপস্থাপন করে ডিজির সমর্থনে আমার অবস্থান তুলে ধরা। এ লক্ষ্যে, প্রবন্ধটিকে তিনটি প্রধান ভাগে ভাগ করা হয়েছে। প্রথমত, সাইডারের দৃষ্টিকোণ থেকে চলমান স্পটলাইট তত্ত্বটি ব্যাখ্যা করবো। তারপরে, সাইডারের অবস্থানের প্রতি ডিজির প্রতিক্রিয়া আলোচনা করবো। সাইডার এবং ডিজি উভয়ের অবস্থান উপস্থাপন করার পরে, আমি বিতর্কটি সবিচার মূল্যায়ন করবো যা এ বিতর্কে ডিজির প্রতি আমার সমর্থন তুলে ধরবে।

**চলমান স্পটলাইট তত্ত্ব প্রসঙ্গে সাইডার**

সাইডার দুই ধরনের চলমান স্পটলাইট তত্ত্ব নিয়ে আলোচনা করেন: উইলিয়ামসনিয় *প্যাসেজ*[৩] এবং স্পটলাইট তত্ত্ব (Sider, 2011)। কিন্তু যেহেতু আমি সাইডার (Sider, 2001, 2011) এবং ডিজির (Deasy, 2015) মধ্যকার বিতর্ক আলোচনা করব, এবং ডিজি শুধুমাত্র সাইডারের স্পটলাইট তত্ত্ব নিয়ে আলোচনা করেছেন, তাই আমি চলমান স্পটলাইট তত্ত্বের এ সংস্করণের আলোচনায় নিজেকে সীমাবদ্ধ রাখব। বিভ্রান্তি এড়ানোর জন্য ডিজি সাইডারের স্পটলাইট তত্ত্বের সংস্করণটিকে *ধ্রুপদি এমএসটি*[৪] (classic MST) হিসেবে উল্লেখ করেন। কারণ এটিকে প্রায়শই সাধারণত চলমান স্পটলাইট তত্ত্ব হিসাবে পরিচিত তত্ত্বের সাথে এক করে দেখা হয়। তাই, আলোচনার সুবিধার্থে আমিও একই পরিভাষা ব্যবহার করবো।

ধ্রুপদি এমএসটির তিনটি প্রধান উপাদান রয়েছে যা নিম্নরূপ:
ক) এ-তত্ত্ব, যা অনুসারে “সময়ের কিছু মুহূর্ত পরমভাবে, অ-আপেক্ষিকভাবে উপস্থিত” (Deasy, 2015, p. 2073)।
খ) নিত্যবাদ, যা অনুসারে “এটি সর্বদা এমন যে সবকিছু চিরন্তনভাবে বিদ্যমান” (Deasy, 2015, p.2074)।
গ) একটি অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্য।[৫]

উইলিয়ামসনীয় প্যাসেজ এবং ধ্রুপদি এমএসটি মৌলিক বৈশিষ্ট্যের সংখ্যার দিক দিয়ে ভিন্ন। উইলিয়ামসনীয় প্যাসেজ অনুসারে অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্যের সংখ্যা অনেক (Deasy, 2015, p. 2077)। অন্যদিকে, ধ্রুপদি এমএসটি একটি অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্যের কথা স্বীকার করে। ধ্রুপদি এমএসটির উপরে উল্লিখিত তিনটি উপাদান থেকে প্রথম দুটি যৌথভাবে

*সাধারণ* চলমান স্পটলাইট তত্ত্বের সাথে জড়িত বলে মনে হয়। সুতরাং, সাইডারের ধ্রুপদি এমএসটিকে "চলমান স্পটলাইট তত্ত্বের এমন সংস্করণ হিসেবে সংজ্ঞায়িত করা যেতে পারে যা অনুসারে ঠিক একটি অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্য আছে, যথা বর্তমানতা নামক অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্য" (Deasy, 2015, p. 2077)।

সাইডারের মতে, ধ্রুপদি এমএসটি অনুযায়ী, অতীত এবং ভবিষ্যতের বস্তুগুলোতে বি-তত্ত্বের সকল বৈশিষ্ট্য রয়েছে। ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা বি-তত্ত্বের স্থায়ী মৌলিক বৈশিষ্ট্য এবং সম্পর্ক স্বীকার করেন। কিন্তু বি-তাত্ত্বিকদের সাথে তাদের পার্থক্য রয়েছে। এটি হলো ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা তাদের একটি অস্থায়ী মৌলিক বৈশিষ্ট্য (তথা পরম বর্তমান) রয়েছে বলেও স্বীকার করেন। সাইডার বলেন,

> মোনাডিক বর্তমানতার বৈশিষ্ট্য [হলো তা] সময়ের মাত্র একটি মুহূর্তে অধিকৃত থাকে, এবং [তা] সময় প্রবাহিত হওয়ার সাথে সাথে 'চলমান,' পরবর্তী সময়ের দ্বারা অধিকৃত হতে থাকে। এ চলন ... সময়ের কোন মুহূর্তটি এ বৈশিষ্ট্যের অধিকারী সে সম্পর্কিত কালিক ঘটনার সমতুল্য (Sider, 2011, p. 259)।

সাইডার মনে করেন চলমান স্পটলাইট তত্ত্ব অনুসারে বর্তমানের অধিবিদ্যক ধারণাটি "অধিবিদ্যকভাবে বিশেষাধিকারপ্রাপ্ত" (Sider, 2001, p. 17)। কারণ এটিকে "একটি ব্যাখ্যাতীত মৌলিক (unexplained primitive) হিসাবে গ্রহণ করা হয়"(Sider, 2001, p. 18)। এটি থেকে সাইডার এ সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, যেহেতু বর্তমানের ধারণাটি একটি রূপান্তরবাদ-বিরোধী (anti-reductionist) ধারণা, সেহেতু এটি অতীতের এবং ভবিষ্যতের ধারণাকেও রূপান্তরবাদ-বিরোধী ধারণায় পরিণত করে: "অতীত হলো সেটি যা বিশিষ্ট বর্তমানের (distinguished present) পূর্বে; ভবিষ্যৎ হলো সেটি যা বিশিষ্ট বর্তমানের পরে" (Sider, 2001, p. 18)। ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকদের মৌলিক কাল চালক (primitive tense operators) বর্তমানতার ভিত্তিতে পরিবর্তনকে বর্ণনা করতে পারে বলেও তিনি মনে করেন। প্রকৃতপক্ষে, এ বর্ণনাই স্পটলাইট তত্ত্বের (অর্থাৎ ধ্রুপদি এমএসটির) কাল চালকের একমাত্র কাজ বলে সাইডার বিশ্বাস করেন। তাই, তিনি যুক্তি দেন যে ধ্রুপদি এমএসটি বর্তমানের প্রকৃত পরিবর্তনের পক্ষে হলেও এটি অন্য কিছুর প্রকৃত পরিবর্তন সমর্থন করে না। এটি থেকে প্রকৃত পরিবর্তন ব্যাখ্যায় সাইডার মৌলিক কাল চালক হিসাবে বর্তমানতার ভূমিকা নিয়ে নিম্নোক্ত সংশয়াত্মক উপসংহারে উপনীত হন–

> আমি বসে আছি কিনা, বা ডাইনোসর আছে কিনা, বা যুদ্ধ হচ্ছে কিনা এদের মধ্যে কোনো প্রকৃত পরিবর্তন নেই, যেহেতু [ধ্রুপদি এমএসটির] এ বিষয়গুলোর বিবরণ স্থানিকদের (spatialiser) [বি-তাত্ত্বিকদের] অনুরূপ। যা প্রকৃতপক্ষে পরিবর্তিত হয় তা হলো কোনো মুহূর্তের বর্তমানতা (Sider, 2011, p. 260)।

সাইডার মনে করেন ধ্রুপদি এমএসটি বর্তমানতার রূপান্তরবাদ-বিরোধী প্রকৃতির কারণে বর্তমানতা জড়িত এমন বিবৃতি ব্যতীত বি-তত্ত্বের সব কালিক বিবৃতির কালের রূপান্তরবাদকে গ্রহণ করে। তিনি যুক্তি দেন,

> "একদা ১৯৭৬ এর বর্তমানতা ছিল" ("1776 once had presentness") কে এ বলে বিশ্লেষণ করা যায়  না যে নিজের সাপেক্ষে ১৯৭৬ এর বর্তমানতার বৈশিষ্ট্য রয়েছে, যেহেতু বর্তমানতা একটি মোনাডিক বৈশিষ্ট্য, এবং এটি কোনো কিছুর সাথে আপেক্ষিক নয়। ২০১১[৬] এর *কেবল* বর্তমানতা রয়েছে; কোনো কিছুরই বর্তমানতা নেই; বর্তমানতা সম্পর্কে অন্য কোনো অ-কালিক (nontensed) ঘটনা নেই; তাই আমরা অ-কালিক পরিভাষায় "একদা ১৯৭৬ এর বর্তমানতা ছিল" এর মতো কালিক দাবিকে বিশ্লেষণ করতে পারি না (Sider, 2011, p. 260; তীর্যকাক্ষর মূল লেখকের)।

সাইডার চলমান স্পটলাইট তত্ত্বের বিরুদ্ধে একটি জ্ঞানগত আপত্তি তোলেন। এ আপত্তি অনুযায়ী, "আমরা এখন বর্তমান মুহূর্তে অবস্থিত নয় বলে আমাদের বিশ্বাস করা উচিত" (Deasy, 2015, p. 2087)। চলমান স্পটলাইট তত্ত্বের বিরুদ্ধে সাইডারের জ্ঞানগত যুক্তি নিম্নরূপ: আমরা বর্তমানে বিদ্যমান। কিন্তু চলমান স্পটলাইট তত্ত্ব অনুসরণ করে আমরা বিশ্বের অতীতের অনেক মানুষকে কল্পনা করতে পারি যাদের কাছে একই ধরণের প্রমাণ রয়েছে যা থেকে তারা বর্তমানে রয়েছে বলে দাবি করতে পারে। উদাহরণস্বরূপ, ১৭৭৬ সালে জর্জ ওয়াশিংটন মনে করেন ১৭৭৬ হয় বর্তমান। আমরা ২০২৪ সালে মনে করি ২০২৪ হয় বর্তমান। সাইডার মনে করেন,

> আমরা উভয়ই সঠিক হতে পারি না, যেহেতু বর্তমানতার বৈশিষ্ট্যটি মোনাডিক এবং তা কেবল মুহূর্ত দ্বারা অধিকৃত। এবং ওয়াশিংটনের প্রমাণের চেয়ে আমাদের প্রমাণ ভাল নয় [বলে] এটি বিশ্বাস করা কঠিন যে আমাদের ওয়াশিংটনের চেয়ে সঠিক হওয়ার সম্ভাবনা বেশি" (Sider, 2011, p.261)।

যদিও ১৭৭৬ এবং ২০২৪ হলো "অনন্ত সময়ের মধ্যে শুধু দুটি, যার মধ্যে শুধুমাত্র একটিতে বর্তমানতা রয়েছে" (Sider, 2011, p. 261)। এটি থেকে, সাইডারের মনে করেন আমরা উভয়ই সম্ভবত ভুল। এভাবে, এটি বর্তমানের মধ্যে আমাদের অস্তিত্ব সম্পর্কে আমাদেরকে সন্দেহবাদী করে তোলে।

## সাইডারের ধ্রুপদি এমএসটির প্রতি ডিজির প্রতিক্রিয়া

ডিজি মনে করেন যদিও সাইডারের দৃষ্টিতে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা "অতীত এবং ভবিষ্যতের বস্তুগুলোকে গ্রহণ করে" যার "এমন সব [মৌলিক] বৈশিষ্ট্য রয়েছে যা [বি-তাত্ত্বিকেরা] মনে করেন তাদের আছে, চলমান স্পটলাইট তত্ত্ব সম্পর্কে তাঁর ধারণা ভুল (Deasy, 2015, pp. 2077-78)। সাইডারের ধ্রুপদি এমএসটির প্রতি ডিজির প্রতিক্রিয়াসমূহকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। যেমন:

ক) সাইডার চলমান স্পটলাইট তত্ত্বের থিসিস থেকে ভুল সিদ্ধান্তে উপনীত হন যে একটি মৌলিক বৈশিষ্ট্য হিসাবে শুধু বর্তমানতা রয়েছে।

খ) তিনি এ ভেবে ভুল করেছেন যে "ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা অবশ্যই মৌলিক কালিক (temporal) চালক ('মৌলিক কাল চালক') আছে বলে মনে করেন" (Deasy, 2015, p. 2079)।

গ) তিনি এ বলে ভুল করেছেন যে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা চালক রূপান্তরবাদ সমর্থন করতে পারে না।

ঘ) সাইডারের জ্ঞানীয় যুক্তি ব্যর্থতায় পর্যবসিত হয়।

আমি এখন সাইডারের ধ্রুপদি এমএসটির প্রতি ডিজির প্রথম তিনটি প্রতিক্রিয়া একে একে আলোচনা করব।[৭]

## চলমান স্পটলাইট তত্ত্বের মূল থিসিসের নিহিতার্থ

ধ্রুপদি এমএসটির মূল থিসিসের নিহিতার্থ বিষয়ে ডিজি সাইডারের সাথে একমত নয় যে কেবল একটি মৌলিক বৈশিষ্ট্য হিসাবে বর্তমানতা রয়েছে। সাইডার মনে করেন ধ্রুপদি

এমএসটির বিবরণ বি-তত্ত্বের সাথে অভিন্ন। কারণ এটির অতীত এবং ভবিষ্যতের বস্তুগুলোর মধ্যে বি-তত্ত্বের সকল মৌলিক বৈশিষ্ট্য রয়েছে। তাই ধ্রুপদি এমএসটির অস্থায়ী মৌলিক বর্তমানতার প্রতি আস্থা বোঝায় যে সাধারণ বিধেয় যেমনঃ "বসে আছে" ("is sitting") এবং সাধারণ বাক্য যেমন "ড্যান বসে আছে" ("Dan is sitting") যথাক্রমে স্থায়ী বৈশিষ্ট্য এবং স্থায়ী বচন প্রকাশ করে (Sider, 2011, p. 259)। কিন্তু ডিজি মনে করেন এ আস্থা যদি সাইডার যা বলেন তা বোঝায়, তাহলে এর অর্থ হবে এ-তাত্ত্বিকেরা অপ্রয়োজনীয়ভাবে বি-তত্ত্বের অনেক কিছুই স্বীকার করেন। কিন্তু এ-তাত্ত্বিকদের জন্য "এটি খুব অদ্ভুত হবে" যে তারা বি-তত্ত্বের অনেক কিছুই স্বীকার করেন। কারণ বি-তত্ত্বকে তারা ইতোমধ্যেই প্রত্যাখ্যান করেছেন।

ডিজি আরও মনে করেন বি-তত্ত্বের এ ধরনের সমর্পণ সাধারণ চিন্তাভাবনা এবং কথা-বার্তায় অস্থায়ী বিষয়বস্তুর ব্যবহার সম্পর্কে কঠিন প্রশ্ন উত্থাপন করে সমস্যাটিকে জটিল করে তোলে। তাই, তিনি জিজ্ঞাসা করেন,

> আমি যদি অধিবিদ্যার আলোচনার প্রেক্ষাপটে অস্থায়ী বিষয়বস্তুগুলো সহজেই প্রকাশ করতে পারি [যেমনঃ যখন আমি বলি 'বর্তমান মুহূর্তে ড্যান বসে আছে' ('Dan is sitting at the present instant')] তবে সাধারণ চিন্তাভাবনা এবং কথা-বার্তায় কেনো নয় (Deasy, 2015, p. 2079)?

সাইডারের বিপরীতে, ডিজি তখন যুক্তি দেন যে "ড্যান বসে আছে" এর মতো বাক্যটিতে একটি প্রকৃত পরিবর্তন রয়েছে। কারণ ড্যান বর্তমান মুহূর্তে বসে আছে এ অস্থায়ী প্রস্তাবকে এটি প্রকাশ করে। তাই, ডিজি মনে করেন চলমান স্পটলাইট তাত্ত্বিকরা এ দৃষ্টিভঙ্গি গ্রহণ করেন যে অনেক সাধারণ বিধেয় যেমন "বসে আছে" এবং অনেক সাধারণ বাক্য যেমন "ড্যান বসে আছে" যথাক্রমে অস্থায়ী বৈশিষ্ট্য এবং অস্থায়ী বচন প্রকাশ করে।

## <u>মৌলিক কালিক চালক</u>

ডিজি মনে করেন সাইডার এ ভেবে ভুল করেছেন যে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা মৌলিক কালিক চালক বা মৌলিক কাল চালক আছে বলে বিশ্বাস করেন। ডিজি এ আলোচনাকে দুটি পৃথক ভাগে ভাগ করেন। এ উপ-অনুচ্ছেদ প্রথম ভাগ নিয়ে আলোচনা করবে, যেখানে পরবর্তী উপ-অনুচ্ছেদ দ্বিতীয় ভাগের আলোচনার জন্য বরাদ্দ করা হয়েছে।

সাইডার মনে করেন বর্তমানতার সাথে সম্পর্কিত বাক্য ব্যতীত সকল কালিক বাক্যের ক্ষেত্রে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকদের উচিত বি-তাত্ত্বিকদের সমর্থনকৃত কালের রূপান্তরকে মেনে নেয়া। ডিজি সাইডারের এ অবস্থানটিকে তিনভাবে ব্যাখ্যা করেন, যা নিম্নে উল্লেখ করা হলো:

ক) ডিজির মতে, যদি বর্তমানতার সাথে সম্পর্কিত বাক্য ব্যতীত সকল কালিক বাক্যের ক্ষেত্রে বি-তাত্ত্বিকদের মতোই কালের রূপান্তরকে সমর্থন করা মানে এটি মনে করা যে "সবচেয়ে সুস্পষ্ট অধিবিদ্যক মানশর্তে (truth condition)" যেসব বাক্যে "হয় বর্তমান" ("is present") এমন অভিব্যক্তি নেই তাদের ক্ষেত্রে কালিক রূপান্তরকে সমর্থন করা যাবে না, তাহলে সাইডার সঠিক। সাইডারের এ বক্তব্যটি মৌলিক বর্তমানতার বৈশিষ্ট্যের একটি অধিবিদ্যক অর্থগত উপকারিতার (metaphysical semantic advantage) উপর দৃষ্টি নিবদ্ধ করে। ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা মনে করেন কোনো বাক্য যা বর্তমানতাকে জড়িত করে না তা স্থায়ী বচন। এ অর্থে, ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকদের জন্য "বর্তমানতার অস্থায়িত্ব হলো সকল অস্থায়িত্বের ভিত্তি: এটি সময় এবং পরিবর্তনের মৌলিক উৎস" (Deasy, 2015, p. 2080)।

খ) ডিজির মতে, যদি বর্তমানতার সাথে সম্পর্কিত বাক্য ব্যতীত সকল কালিক বাক্যের ক্ষেত্রে বি-তাত্ত্বিকদের মতোই কালের রূপান্তরকে সমর্থন করা মানে এটি মনে করা যে, 'হয় বর্তমান' এমন অভিব্যক্তি বিধেয় হিসাবে ব্যবহৃত হয় না এমন বাক্য ব্যতীত সকল বাক্য স্থায়ী বচন নির্দেশ করে, তবে সাইডার ঠিক নয়। ইতোমধ্যে আমরা দেখেছি যে, এ-তত্ত্বের মতো, ধ্রুপদি এমএসটি মনে করে অনেক সাধারণ কালিক বাক্য অস্থায়ী বচন প্রকাশ করে।

গ) ডিজির মতে, সাইডার সঠিক যদি বর্তমানতার সাথে সম্পর্কিত বাক্য ব্যতীত সকল কালিক বাক্যের ক্ষেত্রে বি-তাত্ত্বিকদের মতোই কালের রূপান্তরকে সমর্থন করা মানে এটি মনে করা যে "হয় বর্তমান" এমন অভিব্যক্তি বিধেয় হিসাবে ব্যবহৃত হয় না এমন বাক্য ব্যতীত সকল বাক্যে "কালিক চালক-মুক্ত মানশর্ত আরোপ করা যায়" (Deasy, 2015, p. 2080)। ডিজি মনে করেন ধ্রুপদি এমএসটি তত্ত্বের মূল থিসিস কালিক রূপান্তরবাদের সাথে সামঞ্জস্যপূর্ণ। কালিক রূপান্তরবাদ হলো একটি থিসিস যার মতে কোনো মৌলিক কালিক চালক নেই। এভাবে, যেকোনো বাক্যে, "হয় বর্তমান" কে বিধেয় হিসাবে ধারণ করা হোক বা না হোক, "কালিক চালক-মুক্ত মানশর্ত আরোপ করা যায়" (Deasy, 2015, p. 2080)।

আমার উপরের আলোচনা থেকে, এটা স্পষ্ট যে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা সাধারণ বিধেয়সমূহকে “বর্তমানতার পরিপ্রেক্ষিতে সংজ্ঞায়িত অস্থায়ী সম্বন্ধযুক্ত বৈশিষ্ট্যসমূহের প্রকাশ” হিসাবে ব্যাখ্যা করে (Deasy, 2015, p. 2080)। সুতরাং, বাক্যটি হলো (উদাহরণস্বরূপ):[৮]

(১) **P**(Dan is sitting)

(১) নম্বরকে নিম্নোক্তভাবে বিশ্লেষণ করা যায়:

(২) **P**(∃*t*(*t* is present & *R*(Dan, *t*)))

অনৈয়মিকভাবে (informally): “এটি সত্য ছিল যে ড্যান বর্তমান মুহূর্তের সাথে স্থায়ীভাবে অবস্থানের সম্পর্ক বহন করে” (Deasy, 2015, p. 2080)।

ডিজি যুক্তি দেন যে (২) নম্বরকে ধ্রুপদি এমএসটি চালক রূপান্তরবাদের সাথে সামঞ্জস্যপূর্ণ হিসাবে ব্যাখ্যা করা যেতে পারে। এর জন্য, ডিজি “at *t*” এর [*t* সময়-মুহূর্তের] একটি *বিকল্প বিশ্লেষণ* (substitutional analysis) প্রস্তাব করেন। এ বিশ্লেষণ অনুসারে, “ঐ ‘at *t*’ ‘is identical with *t*’ (‘হয় t এর সাথে অভিন্ন’) এমন অভিব্যক্তিপূর্ণ সকল প্রাসঙ্গিক বাক্যে ‘is (absolutely) present’ (‘হয় (পরমভাবে) বর্তমান’) এর সকল ঘটনাকে প্রতিস্থাপন করার জন্য কাজ করে” (Deasy, 2015, p. 2081)।

বিকল্প বিশ্লেষণ কীভাবে কাজ করে তা দেখানোর জন্য, ডিজি Φ কে একটি অস্থায়ী-চালক-মুক্ত-বাক্য হিসাবে ধরেন। এছাড়াও তিনি ধরেন যে, “at *t*,” যেখানে “অস্থায়ী বৈশিষ্ট্যসমূহকে চিহ্নিত করে এমন সূত্র-ই হলো ‘x is present’ আকারের (Deasy, 2015, p. 2081)। সুতরাং, “‘at *t* , Φ’ কে Φ* দ্বারা বিশ্লেষণ করা যেতে পারে , যেখানে Φ* হলো ‘x is present আকারের প্রতিটি সূত্র ‘x = *t*’ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে এমন বাক্য ব্যতীত Φ এর মতো বাক্য” (Deasy, 2015, p. 2081)| এ বিশ্লেষণ থেকে, ডিজি (২) নম্বরকে নিম্নোক্তভাবে প্রকাশ করেন,

(৩) ∃*t** ∃*t*** (*t** is present & *t*** is earlier than *t** & ∃*t*(*t* = *t*** & *R*(Dan, *t*)))

অনৈয়মিকভাবে: “ড্যান কিছু অতীত সময়ের সাথে স্থায়ী সম্পর্ক R বহন করে” (Deasy, 2015, p. 2081)।[৯]

ডিজি মনে করেন যেহেতু বিকল্প বিশ্লেষণ "At $t$($t$ is present)" কে "$t = t$," তে রূপান্তর করে, এ বিশ্লেষণে প্রতিটি মুহূর্ত তার নিজের সাপেক্ষে হয় বর্তমান এমন থিসিস তুচ্ছতায় পর্যবসিত হয়ে পড়ে (Deasy, 2015, p. 2081)। এটি কোনো সময়-মুহূর্ত $t$ তে নিজের সাপেক্ষে বর্তমান হওয়ার কারণে সে মুহূর্তকে স্ব-অভিন্ন (self-identical) মুহূর্তে পরিণত করে।

এভাবে, ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা মনে করেন মৌলিক কালিক চালক রয়েছে, সাইডারের এমন দাবির প্রতি ডিজি প্রতিক্রিয়া জানান।

## ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা কি চালক রূপান্তরবাদ সমর্থন করতে পারেন?

সাইডার মনে করেন ধ্রুপদি এমএসটি চালক রূপান্তরবাদের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। কারণ এটির জন্য মৌলিক অস্থায়ী চালক প্রয়োজন যাতে করে এটি "যে মুহূর্তের বর্তমানতার বৈশিষ্ট্য রয়েছে তা বর্ণনা করতে পারে।" ডিজি অনুসরণ করে আমি ইতোমধ্যে উল্লেখ করেছি যে সাইডার মনে করেন "একদা ১৭৭৬ এর বর্তমানতা ছিল" কে এ বলে বিশ্লেষণ করা যায় না যে ১৭৭৬ এর তার নিজের সাপেক্ষে বর্তমানতার বৈশিষ্ট্য রয়েছে যেহেতু বর্তমানতা একটি মোনাডিক বৈশিষ্ট্য, এবং এটি কোনো কিছুর সাথে আপেক্ষিক নয়। কিন্তু ডিজি যুক্তি দেন যে, সাইডার এ ভেবে ভুল করেছেন যে বর্তমানতার সম্পর্কে কোনো অ-কালিক (nontensed) ঘটনা নেই। কারণ এ ধরনের চিন্তার অর্থ হলো "হয় বর্তমান" বিধেয় ধারণ করে এমন কালিক বাক্যসমূহের কোনো চালক-রূপান্তরবাদী বিশ্লেষণ হতে পারে না। ডিজি যুক্তি উপস্থাপন করে দেখান এক্ষেত্রে কীভাবে সাইডার তার বিশ্লেষণে ভুল করেছেন। এজন্য, নিম্নলিখিত বাক্যটি বিবেচনা করা যায়–

(৪) 1776 was once present.

সাইডারের বিপরীতে, ডিজি মনে করেন এ বাক্যটি একটি চালক-রূপান্তরবাদী বিশ্লেষণের বিষয় হতে পারে, যা নিম্নরূপঃ

(৫) $\exists t^* \, \exists t^{**}$ ($t^*$ is present & $t^{**}$ is earlier than $t^*$ & at $t^{**}$($\exists$t($t$ is present & $t = 1776$)))

আমরা ইতোমধ্যে “at *t*” এর (অনৈয়মিক) বিকল্প বিশ্লেষণ দেখেছি। এ বিশ্লেষণ অনুসরণ করে, (৫) নম্বরকে নিম্নোক্তভাবে প্রকাশ করা যেতে পারে:

(৬) $\exists t^* \exists t^{**}$ ($t^*$ is present & $t^{**}$ is earlier than $t^*$ & $\exists t(t = t^{**} \ \& \ t = 1776)$)

অনৈয়মিকভাবে: “বর্তমান মুহূর্তের চেয়ে আগের কিছু মুহূর্ত ১৭৭৬ এর সাথে অভিন্ন, বা অন্য কথায়, ১৭৭৬ বর্তমানের চেয়ে আগের” (Deasy, 2015, p. 2083)।

এটি (৪) এর একটি চালক-রূপান্তরবাদী বিশ্লেষণ যা “হয় বর্তমান” বিধেয় ধারণ করা একটি কালিক বাক্য। তাই, ডিজি দাবি করেন,

> ধ্রুপদি এমএসটি চালক তাত্ত্বিকদের চালক রূপান্তরবাদী হতে হবে না: তত্ত্বটি *চালক মূলতত্ত্ববাদের* (operator fundamentalism) সাথে সামঞ্জস্যপূর্ণ, [যেটি এমন থিসিস যা অনুযায়ী] মৌলিক অস্থায়ী চালক রয়েছে। যাইহোক, লক্ষণীয় বিষয় হলো যে সাইডারের এ ধারণা ভুল যে ধ্রুপদি এমএসটি চালক তাত্ত্বিকরা চালক রূপান্তরবাদকে সমর্থন করতে পারে না, ঠিক যেমনি তিনি ভুল করেন যখন তিনি মনে করেন ধ্রুপদি এমএসটি চালক তাত্ত্বিকদেরকে অবশ্যই বিশ্বাস করতে হবে সাধারণ বিধেয়সমূহ স্থায়ী বৈশিষ্ট্যসমূহ প্রকাশ করে এবং সাধারণ বাক্যগুলো স্থায়ী রচনাবলি প্রকাশ করে (Deasy, 2015, p. 2083; তীর্যকাক্ষর মূল লেখকের)।

**কেনো সাইডার-ডিজি বিতর্কে ডিজির অবস্থান অধিকতর সমর্থনযোগ্য?**

চলমান স্পটলাইট তত্ত্ব কেন্দ্রিক বিতর্কে ডিজির অবস্থানের এমন কিছু সুবিধা রয়েছে যা সাইডারের অবস্থানের নেই। এ অনুচ্ছেদ চলমান স্পটলাইট তত্ত্বের এ দুটি অবস্থানের সবিচার মূল্যায়ন করবে। তবে আলোচনা শেষে পাঠকের কাছে পরিষ্কার হয়ে যাবে যে, আমি ডিজির অবস্থানের পক্ষে আমার যুক্তি তুলে ধরেছি।

আমি মনে করি ডিজির বিকল্প বিশ্লেষণের সবচেয়ে উল্লেখযোগ্য সুবিধা হলো এটির সাহায্যে ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা অধিবিদ্যক বিশ্লেষণ এড়িয়ে যেতে পারে। কেনো এটি পরিহার করা গুরুত্বপূর্ণ তা বুঝতে হলে “at *t*” এর নিম্নলিখিত অধিবিদ্যক বিশ্লেষণ দেখতে হবে। ডিজির মতে, “at *t*” এর একটি স্বাভাবিক এ-তাত্ত্বিক পাঠ হলো যে “at *t*, Φ” এর

অর্থ হলো “whenever $t$ is present, Φ” [“যখনই $t$ হয় বর্তমান, Φ”]। সুতরাং, এখন যদি আমরা ধরি যে, ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরা চালক রূপান্তরবাদী, আমরা (১) নম্বরকে নিম্নোক্তভাবে প্রকাশ করতে পারি:

(৭) $\exists t^* \; \exists t^{**}$ ($t^*$ is present & $t^{**}$ is earlier than $t^*$ & at $t^{**}$($\exists$t($t$ is present & $R$(Dan, $t$))))

অনৈয়মিকভাবে: “বর্তমানের পূর্বে একটি মুহূর্ত $t$ আছে এবং $t$ সময়-মুহূর্তে (at $t$) ড্যান বর্তমান মুহূর্তের সাথে স্থায়ীভাবে অবস্থানের সম্পর্ক বহন করে” (Deasy, 2015, p. 2080)।

এটি “at $t$” এর একটি অধিবিদ্যক পাঠ। যদিও (৭) নম্বর অভিব্যক্তি চালক “at $t$” ধারণ করে, ডিজি মনে করেন চালক রূপান্তরবাদী ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকরা অধিবিদ্যক বিশ্লেষণের জন্য উন্মুক্ত নয় যদি “at $t$” এর বিশ্লেষণ কালিক বিশ্লেষণের উপর ভিত্তি করে হয়। কিন্তু ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকদের কাছে কালিক চালক সম্পর্কিত “at $t$” এর একটি বিকল্প বিশ্লেষণ আছে।

আমার দৃষ্টিতে “at $t$” এর বিকল্প বিশ্লেষণের আরেকটি সুবিধা হলো এটি সময়কে আক্ষরিক অর্থে চলমান বা গতিশীল হিসাবে উপস্থাপন করে না। যেখানে “at $t$” এর অধিবিদ্যক বিশ্লেষণ সময়কে আক্ষরিক অর্থে *চলমান* হিসাবে উপস্থাপন করে, বিকল্প বিশ্লেষণে সময় সম্পূর্ণভাবে *পরিবর্তিত* হিসাবে উপস্থাপিত হয়। অধিবিদ্যক বিশ্লেষণ আমাদের নিম্নলিখিত দুটি নীতি প্রণয়ন করার সুযোগ করে দেয় যার জন্য (১) থেকে (৭) নম্বর পর্যন্ত অভিব্যক্তি প্রকাশ করা সম্ভব হয়:

> পি-নীতি (P-principle): “এটি এমন ছিল যে যদি এবং কেবল যদি কোনো একটি মুহূর্ত $t$ বর্তমান মুহূর্ত Φ এর চেয়ে পূর্বতর, তবে Φ” (Deasy, 2015, p. 2080)।
>
> এফ-নীতি (F-principle): “এটি এমন ছিল যে যদি এবং কেবল যদি কোনো একটি মুহূর্ত $t$ বর্তমান মুহূর্ত Φ এর পরে হয়, তবে Φ” (Deasy, 2015, p. 2080)।

পি- এবং এফ-নীতিদ্বয়ের এ ধরনের অধিবিদ্যক পাঠ সময়কে ভবিষ্য থেকে বর্তমানের মধ্য দিয়ে অতীতে যাওয়ার বিষয়টি স্বীকার করে বলে মনে হয়। অর্থাৎ সময় নিজেই চলমান। অন্যদিকে, "at *t*" এর বিকল্প বিশ্লেষণ "হয় (পরমভাবে) বর্তমান" কে "*t* এর সাথে অভিন্ন" অভিব্যক্তি দ্বারা উপযুক্ত বাক্যে প্রতিস্থাপন করে, যা সময়ের পরিবর্তন হিসাবে চিন্তা করার কথা স্বীকার করে।

তদুপরি, আমরা ইতোমধ্যে দেখেছি যে সাইডার যুক্তি দিয়েছেন "অতীত হলো সেটি যা বিশিষ্ট বর্তমানের পূর্বে; ভবিষ্যৎ হলো সেটি যা বিশিষ্ট বর্তমানের পরে" (Sider, 2001, p. 18)। মনে হচ্ছে এ ধরনের "বিশিষ্ট বর্তমান" এর একটি "সূচকের মাত্রা" (dimension of indices) প্রয়োজন যাতে "বর্তমানতা শুধু বিভিন্ন সময়ে অবস্থিত হওয়ার মাধ্যমে সময়ের ধারা (series) ধরে অগ্রসর হতে পারে ..." (Skow, 2015, p. 46)। আমি মনে করি চলমান স্পটলাইট তত্ত্বের এ ধরনের বোঝাপড়া *অধিসময়* (supertime) বা *পরাসময়* (hypertime)- এর আলোচনার সুযোগ করে দেয়। চলমান স্পটলাইট তত্ত্বের এ সংস্করণটিকে ব্র্যাডফোর্ড স্কো 'এমএসটি-অধিসময়' নামে আখ্যায়িত করেন। তিনি বলেন,

> অধিসময় এ অর্থে সময়ের মতো যে এটি বিভিন্ন বিন্দুর সমষ্টি এক-মাত্রিক জিনিস। এবং, এ তত্ত্ব বলে, অধিসময়ের প্রতিটি বিন্দুতে সময়ের ঠিক একটি মুহূর্ত বর্তমান থাকে। সময়ের পরবর্তী মুহূর্তসমূহ অধিসময়ের 'পরবর্তী' বিন্দুসমূহে বর্তমান থাকে, এমনভাবে যে 'বর্তমানতা' ক্রমাগত 'চলমান' (Skow, 2015, p. 46)।

স্কো মনে করেন *এমএসটি-অধিসময়* একটি "পাগলাটে" (crazy) এবং "অপ্রকৃতস্থ" (insane) বিষয়। কারণ সময় এমএসটি-অধিসময়ে চলে না (Skow, 2015, p. 46)। তাঁর মতে, কোনোকিছু চলার বা অগ্রসর হওয়ার ক্ষেত্রে তিনটি বিষয় জড়িত: ক) যে জিনিসটি চলে বা অগ্রসর হয়, খ) যে মাত্রায় এটি চলে, এবং গ) যে মাত্রার প্রেক্ষাপটে এটি চলে। কিন্তু এমএসটি-অধিসময়ের ক্ষেত্রে, এটি মনে হয় যে আমাদের কাছে সেই মাত্রা নেই যেখানে সময় চলতে পারে। সুতরাং, আমার বক্তব্য হলো যে, সাইডারের ব্যাখ্যা যদি আদৌ চলমান স্পটলাইট তত্ত্বের ব্যাখ্যা হয়, তবে এটি একটি ত্রুটিপূর্ণ বোঝাপড়া যাকে স্কো সময়কে গতিশীল করে না বলে এমএসটি-অধিসময় বলে অভিহিত করেন।

অধিসময়কে ভিত্তি করে চলমান স্পটলাইট তত্ত্বকে বোঝার আরেকটি অসুবিধা হলো এ যে এ ব্যাখ্যায় "বস্তুনিষ্ঠ পরিবর্তনের (objective becoming) জন্য যে কেবল সময়ের

বৃহৎ পথ (passage) প্রয়োজন তা নয়, বরং অধিসময়ের বৃহৎ পথও প্রয়োজন” (Skow, 2015, p. 50)। সি ডি ব্রডের *এক্সামিনেশান অফ ম্যাকট্যাগার্ট’স ফিলোসফি* (Broad, 1933) গ্রন্থ এবং জে জে সি স্মার্টের “দ্যা রিভার অফ টাইম” (Smart, 1949) নামক প্রবন্ধ থেকে উদ্ভূত হওয়ার পর থেকে এ আপত্তি বহুবার উত্থাপিত হয়েছে। উভয়েই মনে করেন অধিসময়ের অস্তিত্বের প্রয়োজনীয়তার জন্য তৃতীয়-সময়ের মতো আরেকটি মাত্রার অস্তিত্ব স্বীকার করা প্রয়োজন। স্মার্ট উল্লেখ করেন,

> আমরা যেমন প্রথম সময়-মাত্রাকে স্রোত হিসাবে ভেবেছিলাম, তেমনি আমরা দ্বিতীয় সময়-মাত্রাকেও স্রোত হিসাবে ভাবতে চাই; এখন দ্বিতীয় স্রোতের প্রবাহের গতি হলো তৃতীয় সময়-মাত্রার সাপেক্ষে পরিবর্তনের হার, এবং তাই আমরা আরও অধিকতর সন্তুষ্ট না হয়ে অনির্দিষ্টকালের জন্য নতুন স্রোত অনুমান করতে পারি (Smart, 1949, p. 484)।

মনে এ উদ্বেগ থাকতে পারে যে বিকল্প বিশ্লেষণটি বৃত্তাকার। কারণ বিশ্লেষণের অনানুষ্ঠানিক বর্ণনায়, চালক রূপান্তরবাদ প্রদানের পর “at *t*” এর পরিপ্রেক্ষিতে অস্থায়ী বৈশিষ্টসমূহকে বিশ্লেষণ করা হয়। কিন্তু ডিজি মনে করেন না এটি আসলেই উদ্বিগ্ন হওয়ার মতো একটি বিষয়। কারণ তিনি অস্বীকার করেন যে “at *t*, Φ” আকারের কোনো বাক্যের বিশ্লেষণ “অস্থায়ী বৈশিষ্ট্য” শব্দবন্ধ ধারণ করে। তিনি যুক্তি দেন,

> কোন বাক্য-স্তরের (sentence-level) বিশ্লেষণের প্রতি বিকল্প বিশ্লেষক আস্থাশীল *সাধারণভাবে* এটি বুঝতে অন্যদের সাহায্য করার প্রয়াসে “অস্থায়ী বৈশিষ্ট্য” শব্দবন্ধ নিছক ব্যবহৃত হয়; এবং কেউ এ ধরনের প্রচেষ্টায় নিজের পছন্দসই যেকোনো অভিব্যক্তিপূর্ণ সংস্থান ব্যবহার করতে পারে (Deasy, 2015, p. 2082; তীর্যকাক্ষর মূল লেখকের)।

**উপসংহার**

প্রবন্ধটি ডিজিকে সমর্থন করার উদ্দেশ্যে লিখিত হয়েছে। চলমান স্পটলাইট তত্ত্বের বর্ণনায় এবং সমর্থনে যুক্তি প্রদান করার ক্ষেত্রে ডিজি সফল হয়েছেন বলেই প্রতীয়মান। সাইডারের উত্থাপিত আপত্তিসমূহ খণ্ডন করার ক্ষেত্রেও ডিজি বেশ সফল। সুতরাং, ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকদের চালক রূপান্তরবাদী হওয়ার দরকার নেই, কিন্তু এটি চালক মূলতত্ত্ববাদের সাথে

সামঞ্জস্যপূর্ণ – ডিজির এমন দাবির প্রতি আমার সমর্থন জ্ঞাপন করছি। অধিকন্তু, ধ্রুপদি এমএসটি তাত্ত্বিকেরাও সঠিক যখন তারা এ দৃষ্টিভঙ্গি গ্রহণ করে যে সাধারণ বিধেয়সমূহ অস্থায়ী বৈশিষ্ট্যসমূহকে এবং সাধারণ বাক্যসমূহ অস্থায়ী রচনাবলিকে প্রকাশ করে।

---

**অন্ত্য-টীকা**

১ চলমান স্পটলাইট তত্ত্বকে সমর্থন করে এমন কাজের উদাহরণ হিসাবে দেখতে পারেন Skow (2009, 2015) এবং Sullivan (2012)।

২ এটি সবসময় সত্য যে সবকিছু চিরন্তনভাবে বিদ্যমান (Deasy, 2015, p. 2074)। প্রকৃতপক্ষে, টিমোথি উইলিয়ামসন নিত্যবাদের এ থিসিসটি প্রদান করেন (Williamson, 2013, p. 4)। নিত্যবাদী কাজের কয়েকটি উদাহরণ হলো Bigelow (1996), Crisp (2003), Markosian (2004), এবং Zimmerman (2008)।

৩ উইলিয়ামসনিয় প্যাসেজের এরূপ নামকরণের কারণ হলো চলমান স্পটলাইট তত্ত্বের এ সংস্করণটি উইলিয়ামসনের *মোডালিটি* তত্ত্ব দ্বারা অনুপ্রাণিত। দেখুন Williamson (2002, 2013)।

৪ *এমএসটি* (MST) হলো চলমান স্পটলাইট তত্ত্বের ইংরেজি "moving spotlight theory" এর সংক্ষিপ্তরূপ।

৫ পরবর্তী আলোচনা থেকে এটি মনে হতে পারে যে ধ্রুপদী এমএসটি অনুযায়ী একমাত্র অস্থায়ী মৌলিক বৈশিষ্টটি হলো বর্তমানতা। কিন্তু এটি পুরোপুরি ঠিক নয়। এ বিষয়ে আরো জানার জন্য দেখুন Deasy (2015, p. 2077)।

৬ বইটি ২০১১ সালে প্রকাশিত হয় এবং এটি সে বছরকে নির্দেশ করে। পাঠকরা যে সালে এ প্রবন্ধটি পড়ছেন, ২০১১ সালের জায়গায় সে সালটি পড়তে পারেন। যেমন, কেউ যদি ২০২৪ সালে এ প্রবন্ধটি পড়েন, তবে ২০১১ এর পরিবর্তে ২০২৪ সাল পড়বেন।

৭ শেষ প্রতিক্রিয়াটি আলাদা করে আলোচনার দাবি রাখে। বর্তমান প্রবন্ধের কলেবর অহেতুক বড় হয়ে যাবে বলে আমি এখানে এ বিষয়টি নিয়ে আলোচনা করবো না।

৮ স্পষ্টীকরণ এবং ভুল বোঝাবুঝি এড়ানোর স্বার্থে ১ থেকে ৭ নম্বর বাক্যের প্রতীকায়নের ক্ষেত্রে ডিজিকে (Deasy, 2015) হুবহু অনুসরণ করা হয়েছে।

৯ যদিও ডিজি বিশ্বাস করেন এ বৈশিষ্ট্যটি বিকল্প বিশ্লেষণের অনানুষ্ঠানিক ভূমিকার জন্য যথেষ্ট, তিনি একই জায়গায় আরো আনুষ্ঠানিক ভূমিকা প্রদান করেন। কিন্তু আমি এখানে সে বিশ্লেষণের অনানুষ্ঠানিক কাঠামোতে যাচ্ছি না।

## সহায়কপঞ্জি

আমিনুল ইসলাম। (২০০৯)। *পাশ্চাত্য দর্শনের ইতিহাস: থেলিস থেকে হিউম*। মাওলা ব্রাদার্স, ঢাকা।

Bigelow, J. (1996). 'Presentism and properties'. In J. Tomberlin (Ed.), *Philosophical perspective 10: Metaphysics*. pp. 35-52. Blackwell.

Broad, C. D. (1923). *Scientific thought*. Routledge & Kegan Paul.

Broad, C. D. (1933). *Examination of McTaggart's philosophy*. Cambridge University Press.

Crisp, T. (2003). 'Presentism. In M. Loux & D'. Zimmerman (Eds.), *The Oxford handbook of metaphysics,* pp. 211-245. Oxford University Press.

Deasy, D. (2015). 'The moving spotlight theory'. *Philosophical Studies*, 172(8), pp. 2073-2089.

Dyke, H., & Bardon, A. (2013). 'Introduction. In H. Dyke & A'. Bardon (Eds.), *A Companion to the Philosophy of Time* pp. 1-6. Wiley Blackwell.

Emery, N., Markosian, N., & Sullivan, M. (2020). Time. In E. N. Zalta (Ed.), *Stanford encyclopedia of philosophy* (Winter 2020 edition). Metaphysics Research Lab, Stanford University. https://plato.stanford.edu/archives/win2020/entries/time/.

Koons, R. C., & and Pickavance, T. H. (2015). *Metaphysics: The fundamentals*. Wiley Blackwell.

Markosian, N. (2004). 'A defence of presentism'. In D. Zimmerman (Ed.), *Oxford studies in metaphysics,* Vol. 1, Oxford University Press. pp. 47-82.

Sider, T. (2001). *Four-dimensionalism: An ontology of persistence and time*. Clarendon Press.

Sider, T. (2011). *Writing the book of the world*. Oxford University Press.

Skow, B. (2009). ‘Relativity and the moving spotlight’. *Journal of Philosophy*, 106(12), pp. 240-247.

Skow, B. (2015). *Objective becoming*. Oxford University Press.

Smart, J. J. C. (1949). ‘The river of time’. *Mind*, 58(232), pp. 483-494.

Sullivan, M. (2012). ‘The minimal A-theory’. *Philosophical Studies*, 158(2), pp. 149-174.

Williamson, T. (2002). ‘Necessary existents. In A’. O’Hear (Ed.), *Logic, thought and language: Royal Institute of Philosophy supplement* 51. Cambridge University Press. pp. 233-252.

Williamson, T. (2013). *Modal logic as metaphysics*. Oxford University Press.

Zimmerman, D. (2008). ‘The privileged present: Defending an “A-theory” of time. In J. Hawthorne’, T. Sider & D. Zimmerman (Eds.), *Contemporary debates in metaphysics*. Blackwell. pp. 211-225.